# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ নিয়োগ পরীক্ষা-২০২৫

পদের নাম: অফিস সহায়ক
পরীক্ষার তারিখ: ৩০-০৫-২০২৫

সময়: ৬০ মিনিট | পূর্ণমান: ৪০

## বাংলা-১০

১. বাগ্‌ধারা (অর্থসহ বাক্য গঠন করুন): ০.৫ × ৪ = ২
ক. চিনে জোঁক = নাছোড় বান্দা
খ. চশমখোর = চক্ষুলজ্জাহীন
গ. কোমর বাঁধা = দৃঢ়পণে সংকল্প
ঘ. সপ্তমে চড়া = প্রচণ্ড উত্তেজনা

২. সন্ধি বিচ্ছেদ করুন: ০.৫ × ৪ = ২
ক. ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র
খ. তস্কর = তৎ + কর
গ. নিরাকার = নিঃ + আকার
ঘ. স্বপ্ন = স্ব + প্ন

৩. সমাস নির্ণয় করুন: ০.৫ × ৪ = ২
ক. কাঁচা, মিঠা- যা কাঁচা তাই মিঠা = কর্মধারয়
খ. রাজপথ- পথের রাজা = ষষ্ঠী তৎপুরুষ
গ. হাতেখড়ি- হাতেখড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = মধ্যপদলোপী বহুব্রীহি
ঘ. মা-বাবা- মা ও বাবা = দ্বন্দ্ব সমাস

৪. বিপরীত শব্দ লিখুন: ০.৫ × ৪ = ২
ক. ঠকা = জেতা
খ. স্বমত = পরমত
গ. প্রফুল্ল = বিমর্ষ
ঘ. দুষ্ট = শিষ্ট

৫. শব্দার্থ নির্ণয় করুন: ০.৫ × ৪ = ২
ক. সারমেয় = কুকুর
খ. কিংকর্তব্যবিমূঢ় = হতবুদ্ধি অবস্থা
গ. প্রত্যুৎপন্নমতি = উপস্থিত বুদ্ধি আছে যার
ঘ. অবিমৃষ্যকারী = যে ভবিষ্যত না ভেবেই কাজ করে

## ইংরেজি-১০

৬. **Transform the following sentence according to the given instruction.** ১ × ৪ = ৪
a. Is the noise not disturbing the old man? (Make it passive)
**Ans:** Isn't the old man being disturbed with the noise?
b. None can do it. (Make it interrogative)
**Ans:** Who can do it?
c. He said to me, "Let me come in". (Transform it into indirect sentence)
**Ans:** He requested to me that he might be allowed to go in.
d. In case of your failure to move, you will die. (Make it compound sentence)
**Ans:** Move or die.

৭. **Change the number of the following words.** ০.৫ × ৪ = ২
a. Deer-Deer
b. Ova-Ovum
c. Thief-Thieves
d. Basis-Bases

৮. **Fill in the blanks:** ০.৫ × ২ = ১
a. We are not used to **walking** fast.
b. Sharif walks as if he **were** lame.

৯. **Translate in to English:** ১ × ৩ = ৩

a. পাখিরা সকালে কিচিরমিচির করে।

**Ans:** Birds twitter at dawn.

b. এখন চারটা বেজে পনেরো মিনিট।

**Ans:** It's fifteen minutes past four now.

c. আমি কদাচিৎ সন্ধ্যার পর বাইরে যাই।

**Ans:** I hardly go out after evening.

## গণিত-১০

১০. **উৎপাদকে বিশ্লেষণ করুন: $2bd - a^2 - c^2 + b^2 + d^2 + 2ac$** ৪

**বিদ্যাবাড়ি ব্যাখ্যা:**

$2bd - a^2 - c^2 + b^2 + d^2 + 2ac$
$= b^2 + 2bd + d^2 - a^2 + 2ac - c^2$
$= (b + d)^2 - (a^2 - 2ac + c)^2$
$= (b + d)^2 - (a - c)^2$
$= (b + d + a - c)(b + d - a + c)$
$= (a + b - c + d)(-a + b + c + d)$

১১. **২১ মিটার দীর্ঘ এবং ১৫ মিটার প্রস্থ একটি বাগানের বাইরে চারদিকে ২ মিটার প্রশস্থ একটি রাস্তা আছে। প্রতি বর্গমিটারে ২.৭৫ টাকা দরে রাস্তাটিতে ঘাস লাগতে মোট কত খরচ হবে?** ৪

**বিদ্যাবাড়ি ব্যাখ্যা:**

দেওয়া আছে,
বাগানের দৈর্ঘ্য = ২১ মি.
বাগানের প্রস্থ = ১৫ মি.
∴ বাগানের ক্ষেত্রফল = ২১ × ১৫ = ৩১৫ বর্গ মি.
রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ২১ + (২ + ২) মি.
= ২১ + ৪ = ২৫ মি.
রাস্তাসহ বাগানের প্রস্থ = ১৫ + (২ + ২) মি.
= ১৫ + ৪ = ১৯ মি.
∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ২৫ × ১৯ = ৪৭৫ বর্গ মি.
∴ ক্ষেত্রফল বৃদ্ধি = ৪৭৫ − ৩১৫ = ১৬০ বর্গ মি.
১ বর্গ মি. খরচ হয় ২.৭৫ টাকা
∴ ১৬০ মি. খরচ হয় (২.৭৫ × ১৬০) = ৪৪০ টাকা

১২. **৭৫ টাকায় ১৫টি বলপেন কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?** ২

**বিদ্যাবাড়ি ব্যাখ্যা:**

শতকরা লাভ = (৯০ − ৭৫) = ১৫ টাকা
∴ ৭৫ টাকায় লাভ হয় ১৫ টাকা
∴ ১ টাকায় লাভ হয় $\frac{১৫}{৭৫}$ টাকা
∴ ১০০ টাকায় লাভ হয় $\frac{১৫ \times ১০০}{৭৫}$ = ২০ টাকা
∴ শতকরা লাভ ২০%।

## সাধারণ জ্ঞান-১০

১ × ১০ = ১০

১৩. **এশিয়ার ক্ষুদ্রতম দেশ কোনটি?**
**উত্তর:** মালদ্বীপ।

১৪. **ড্রাই আইস কি?**
**উত্তর:** শুষ্ক কার্বন-ডাই-অক্সাইড।

১৫. **ইন্টারনেট কবে চালু হয়?**
**উত্তর:** ১৯৬৯ সালে।

১৬. **এয়ার ফোর্স ওয়ান কি?**
**উত্তর:** যুক্তরাষ্ট্রের বিমান বাহিনীর প্রাতিষ্ঠানিক এয়ার ট্রাফিক কন্ট্রোল কল সাইন।

১৭. **BIMSTEC এর বর্তমান সভাপতি কে?**
**উত্তর:** বাংলাদেশ।

১৮. **বাংলাদেশের কোন জেলায় বনভূমি সবথেকে বেশি?**
**উত্তর:** বাগেরহাট।

১৯. **কোন নদীর উৎপত্তি ও সমাপ্তি বাংলাদেশে?**
**উত্তর:** হালদা ও মাতামুহুরি।

২০. **কম্পিউটার এর স্থায়ী স্মৃতিকে কি বলে?**
**উত্তর:** ROM।

২১. **বাংলাদেশ বিমানের প্রথম মহিলা পাইলট কে?**
**উত্তর:** সৈয়দা কানিজ ফাতেমা রোকসানা।

২২. **বায়োডিগ্রেডেবল প্লাস্টিক কি?**
**উত্তর:** এমন প্লাস্টিক যা জীবন্ত প্রাণীর সাধারণ জীবাণু, জল, কার্বন ডাই অক্সাইড এবং বায়োমাসে পরিণত হতে পারে।

বিসিএস, ব্যাংক, প্রাইমারি, নিবন্ধন ও ১১-২০তম গ্রেডের সকল চাকরির পরীক্ষার সেরা প্রস্তুতিতে দেশসেরা প্রতিষ্ঠান "Biddabari"-এর সাথে যুক্ত থাকুন।